



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমবায় কার্যালয়
সেনবাগ, নোয়াখালী।
www.coop.senbug.noakhali.gov.bd

সমবায় গড়বো দেশ
বৈষ্যমহীন বাংলাদেশ

স্মারক নং-৩১১


তারিখ- ০৫-১২-২০২৪ খ্রি.

নোটিশ

বিষয়ঃ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের ((Stakeholders) অংশগ্রহণের সভার কমিটির নোটিশ


এতদ্বারা অত্র উপজেলা আওতাধীন সমবায় সমিতি সমূহের সভাপতি/সম্পাদক ও এ কার্যালয়ের কর্মকর্তা/কর্মচারীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, উপজেলা সমবায় কার্যালয় সেনবাগ, নোয়াখালী এর বার্ষিক কর্মসম্পাদন চুক্তির ২০২৪-২০২৫ খ্রি,সনের সুশাসন ওসংস্কার মূলক অংশে নির্ধারিত লক্ষ্যমাত্রা বাস্তবায়নের অংশ গ্রহন হিসাবে [১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়নের অংশে সুশাসন ওসংস্কারমূলক অংশে নির্ধারিত লক্ষ্যমাত্রা বাস্তবায়নের অংশ [১.২] সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders)_অংশগ্রহণে সভা আগামী ১২-১২-২০২৪ খ্রি. তারিখে সকাল ১১.০০ ঘটিকায় নিম্নস্বাক্ষরকারীর অফিস কক্ষে অনুষ্ঠিত হবে।

উক্তসভায় আপনাকে যথা সময়ে উপস্থিত থাকার জন্য বলা হলো।


(অরুণ চন্দ্র মজুমদার)
উপজেলা সমবায় অফিসার
সেনবাগ, নোয়াখালী

বিতরণ জ্ঞাতার্থেওকার্যার্থে (জৈষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। জনাব পিকলু নন্দী ,সহকারী পরিদর্শক ওসদস্য , নৈতিকতা কমিটি , উপজেলা সমবায় অফিস, সেনবাগ,নোয়াখালী।
- ২। জনাব রফিক উল্যা ,অফিস সহায়ক,ওসদস্য , নৈতিকতা কমিটি , উপজেলা সমবায় অফিস, সেনবাগ,নোয়াখালী।
- ৩। জনাব অনুপম চন্দ্র দাস ,সহকারী পরিদর্শক ওসদস্য সচিব , নৈতিকতা কমিটি , উপজেলা সমবায় অফিস, সেনবাগ,নোয়াখালী।


(অরুণ চন্দ্র মজুমদার)
উপজেলা সমবায় অফিসার
সেনবাগ, নোয়াখালী

সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে সভার কাযবিবরণীঃ

স্থান : উপজেলা সমবায় কার্যালয়,
সেনবাগ, নোয়াখালী।
তারিখ : ১২-১২-২০২৪ খ্রি.
সময় : বেলা ১১ ঘটিকা।
উপজেলা- সেনবাগ, নোয়াখালী।


সভায় উপস্থিত ব্যক্তিবর্গের নাম ও স্বাক্ষর : পরিশিষ্ট “ক”

অধ্যকার সভায় জনাব অরুন চন্দ্র মজুমদার , উপজেলা সমবায় অফিসার, সেনবাগ, নোয়াখালী এর সভাপতিত্বে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণের সভার কাজ আরম্ভ করা হয়। সভায় সভাপতি সাহেব উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন।

সভায় সভাপতি সাহেব উপস্থিত সমবায় সমিতির নেতৃবৃন্দের দৃষ্টি আকর্ষণ পূর্বক অবহিত করেন যে, প্রাথমিক সমবায় সমিতির ব্যবস্থাপনা কমিটির সদস্যদের নিকট হতে সঞ্চয় আমানত জমা করা, সমিতি থেকে গৃহীত ঋণ যথাযথভাবে নিয়মিত পরিশোধ করা, সমিতির বার্ষিক সাধারণ সভায় নিয়মিত অংশগ্রহণ ও মতামত প্রদান করা। সমিতির বার্ষিক সাধারণ সভায় সমিতির হিসাব নিকাশ যথাযথভাবে হয়েছে কিনা পর্যালোচনা করা, নতুন প্রস্তাব উপস্থাপন করা এবং সমিতির উপ-আইন এবং সমবায় সমিতির আইন ও বিধিমালা যথাযথভাবে অনুসরণ করার জন্য দিক নির্দেশনা প্রদান করেন। এছাড়া ঋণ বিতরণে সমবায় সমিতি আইন ও বিধিমালা সঠিকভাবে প্রতিপালন করার জন্য সমিতির নেতৃবৃন্দকে অনুরোধ করা হয় এবং সমিতির মূলধন শুধুমাত্র ঋণ খাতে বিনিয়োগ না করে কোন উৎপাদনমুখী কর্মকান্ডে অর্থ বিনিয়োগ করার জন্য বলা হয়। ফলে সমবায়ের মাধ্যমে আত্ম-কর্মসংস্থান সৃষ্টি হবে এবং সামাজিক দায়বদ্ধতা থেকে সদস্যগণ রক্ষা পাবে। সমিতির সদস্যদের আমানত সুরক্ষা করতে হবে। নিয়মিত শেয়ার ও সঞ্চয় আমানত আদায় করতে হবে এবং সমবায় সমিতি আইন ২০১৩ এর ২৬ (খ) অনুসারে আমানত সুরক্ষা তহবিল গঠন করতে হবে। সমিতিগুলো সদস্যদের নিকট থেকে স্থায়ী আমানত গ্রহণ হতে বিরত থাকতে হবে। এর প্রেক্ষিতে একজন সদস্য/সমবায়ী সমিতির বিভিন্ন অসুবিধা সম্পর্কে আলোচনা করেন। তিনি উপজেলা সমবায় অফিসারের দিক নির্দেশনা ও বক্তব্যের প্রশংসা করে বলেন আমরা আপনার কথায় একাত্মতা পোষণ এবং প্রতিশ্রুতি প্রদান করছি সমিতির সদস্যদের আমানত সুরক্ষার জন্য সচেষ্ট থাকবো ও ঋণ বিতরণে স্বচ্ছতা অবলম্বন করবো।

সর্বোপরি আমরা সমবায় আইন, বিধিমালা ও সমিতির উপ-আইন অনুযায়ী সমিতির কাযক্রম পরিচালনা করবো।

পরিশেষে সকলকে ধন্যবাদ দিয়ে সভাপতি সাহেব অধ্যকার সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


(অরুন চন্দ্র মজুমদার)
সভাপতি

ও
উপজেলা সমবায় অফিসার
সেনবাগ, নোয়াখালী।